



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ১৯-০৭-২০২৩, অনলাইন

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স ক্লাব'র সাফল্য



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স ক্লাব মর্যাদাপূর্ণ 'ডুয়েট টেকফেস্ট ২৩'-এর 'আইডিয়া এবং প্রজেক্ট শোকেসিং' বিভাগে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। প্রতিযোগিতাটি গত ১৪ জুলাই ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট) ক্যাম্পাস গাজীপুরে অনুষ্ঠিত হয়।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের রোবোটিক্স ক্লাবের অত্যন্ত দক্ষ ও উত্তাবনী দলটির সদস্য ছিলেন মো. সালাউদ্দিন সাকিব, আরিশা আশরাফ ঐশ্বী এবং মাহির শাহরিয়ার। মো. সালাউদ্দিন সাকিবের উত্তীর্ণিত 'প্রজেক্ট ও-জোন' নামের প্রকল্পটি যানবাহন ও কারখানার নির্গত বিষাক্ত ধৈঁয়া থেকে দৃষ্টিক পদার্থের নিঃসরণ কমিয়ে বায়ুমণ্ডলের ওজন স্তরকে রক্ষা করার জন্য একটি সময়োপযোগী যন্ত্র।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মডারেটর, অধ্যাপক ডক্টর আহমেদ ওয়াসিফ রেজা দলের সকল মেধাবী সদস্যদের অভিনন্দন জানান এবং দলের অসাধারণ সাফল্যের জন্য উচ্ছ্বাস প্রকাশ করেন।

তিনি বলেন, ডুয়েটের এই প্রতিযোগিতায় সাফল্য শুধুমাত্র রোবোটিক্সে আমাদের ক্লাবের দক্ষতা তুলে ধরে না বরং প্রযুক্তিগত উত্তাবনের জন্য একটি অনুকূল পরিবেশ এবং তরঙ্গ প্রতিভা লালন করার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিশ্রূতিও তুলে ধরে।